

সভাপতি : জনাব মোঃ সাখাওয়াত হোসেন
(উপসচিব) উপপরিচালক
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮।

তারিখ : ৩১ জানুয়ারী ২০২৪।

সময় : বেলা ৩:০০ ঘটিকা।

স্থান : অফিসের সভা কক্ষে।

সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে প্রদর্শিত হলো।

২। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির নির্দেশে জনাব মোঃ শাহ আলম সিকিউরিটি অফিসার (স্টোর), গত ৩১/১০/২০২৩ তারিখের নিরাপত্তা সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। প্রতীয়মান হয়, পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্তের অধিকাংশই বাস্তবায়িত হয়েছে এবং কিছু সিদ্ধান্ত বাস্তবায়ন/নিষ্পত্তির অপেক্ষায় আছে। অতঃপর উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
২.১	চতুর্পাশের স্থাপনা সমূহের ওপর নজরদারি রাখা।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে প্রেসের চতুর্পাশের বিদ্যমান বৈধ/অবৈধ স্থাপনা সমূহের (২০ মিটারের মধ্যে) উপর নজরদারি রাখার জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, নজরদারি অব্যাহত আছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী প্রেসের চতুর্পাশের বিদ্যমান বৈধ/অবৈধ স্থাপনা সমূহের (২০ মিটারের মধ্যে) উপর নজরদারি অব্যাহত রাখতে হবে।	কেয়ারটেকার।
২.২	স্পর্শকাতর এলাকায় নিয়ন্ত্রিত প্রবেশাধিকার, সশস্ত্র প্রহরা ও আলোর ব্যবস্থা করা।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে ঝুঁকিপূর্ণ স্থান কেপিআই সাধারণ এলাকা হতে পৃথক, নিয়ন্ত্রিত প্রবেশাধিকার এবং সার্বক্ষণিক সশস্ত্র প্রহরা ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, কিছু লাইট নষ্ট হয়ে যাওয়ায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা নেই।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী ঝুঁকিপূর্ণ স্থান কেপিআইয়ের সাধারণ এলাকা হতে পৃথক রাখতে, নিয়ন্ত্রিত প্রবেশাধিকার এবং সার্বক্ষণিক সশস্ত্র প্রহরা ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।	সিকিউরিটি অফিসার (স্টোর), কেয়ারটেকার এবং মেকানিক।
২.৩	পাস ব্যবস্থা।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে স্পর্শকাতর এলাকায় প্রবেশের ক্ষেত্রে আলাদা রং এর পাস ব্যবস্থা এবং কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ড ঝুলিয়ে ব্যবহার করার জন্য সুপারিশ করা হয়েছে। কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ডে মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নতুন করা হয়েছে এবং স্পর্শকাতর এলাকায় প্রবেশের কার্ডও পরিবর্তনের আলোচনা করা হয়।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী স্পর্শকাতর এলাকায় প্রবেশের ক্ষেত্রে আলাদা রং এর পাস ব্যবস্থা এবং কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ড নতুন ভাবে তৈরি করে ঝুলিয়ে ব্যবহার অব্যাহত রাখতে হবে।	সিকিউরিটি অফিসার (স্টোর), কেয়ারটেকার এবং সকল শাখা প্রধান।
২.৪	স্থায়ী সশস্ত্র প্রহরা এবং প্যাট্রোল।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে দিনে ও রাতে সশস্ত্র টহল ডিউটির ব্যবস্থা রাখার সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, উক্ত সুপারিশ বাস্তবায়ন করা হয়েছে।	দিনে ও রাতে সশস্ত্র টহল ডিউটির ব্যবস্থা রাখার কেপিআই সার্ভে টিমের সুপারিশ বাস্তবায়ন অব্যাহত থাকবে।	সিকিউরিটি অফিসার (স্টোর) এবং কেয়ারটেকার।
২.৫	ফ্লাড লাইটিং ব্যবস্থা।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে ফ্লাড লাইটের মাধ্যমে স্থাপনা আলোকিত করার জন্য সুপারিশ করা হয়েছে। সভায় কেয়ারটেকার জানান যে, কিছু লাইট নষ্ট হয়ে যাওয়ায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা নেই। আলোকিত করার ব্যবস্থা করা হয়েছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী ফ্লাড লাইট এবং এলইডি লাইটের মাধ্যমে স্থাপনা আলোকিত করার ব্যবস্থা করতে হবে।	কেয়ারটেকার এবং মেকানিক

নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
২.৬	ভিপিতে কর্মরতদের ভেটিং।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে এ প্রেসের স্পর্শকাতর এলাকায় (Vulnerable Point) বা ভিপিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রতি বছর একবার এনএসআই এবং এসবি কর্তৃক ভেটিং সম্পন্ন করার জন্য সুপারিশ করা হয়েছে। সভায় জানানো হয় যে, কর্মচারীর ভেটিং করার প্রস্তাব এনএসআই-তে প্রেরণ করতে হবে। অবশিষ্ট কর্মচারীদের ভেটিং কার্যক্রম চলমান থাকবে।।	কর্মচারীদের ভেটিং কার্যক্রম পর্যায়ক্রমে সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।	প্রশাসন শাখা প্রধান
২.৭	কর্মচারীদের প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন।	সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে স্থাপনায় চাকুরিতে নিয়োগ লাভের পূর্বেই প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন করতে এবং প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন ব্যতীত কাউকে স্থাপনায় স্থায়ী/অস্থায়ী বা মাস্টার রোলেও নিয়োগ না দেওয়ার জন্য সুপারিশ আছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী স্থাপনায় চাকুরিতে নিয়োগ লাভের পূর্বেই প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন করতে হবে এবং প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন ব্যতীত কাউকে স্থাপনায় স্থায়ী/অস্থায়ী বা মাস্টার রোলেও নিয়োগ দেওয়া যাবে না।	প্রশাসন শাখা প্রধান।
২.৮	এনএসআই ট্রেনিং স্কুলে প্রশিক্ষণ।	সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুমোদিত প্রশিক্ষণ স্কুল (এনএসআই ট্রেনিং স্কুল) থেকে পর্যায়ক্রমে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এবং প্রেসের স্পর্শকাতর এলাকার শাখাসমূহের অর্থাৎ প্রসেস, মেশিন, বাইন্ডিং, স্টোর, মেকানিক্যাল শাখা, টাইম কিপিং ও কেয়ারটেকিং শাখার শাখা প্রধানগণকে পর্যায়ক্রমে উক্ত প্রশিক্ষণের জন্য মনোনীত করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এবং প্রেসের স্পর্শকাতর এলাকার শাখাসমূহের অর্থাৎ প্রসেস, মেশিন, বাইন্ডিং, স্টোর, মেকানিক্যাল শাখা, টাইম কিপিং ও কেয়ারটেকিং শাখার শাখা প্রধানদের মধ্য হতে মনোনীত দুই জনের নাম এনএসআই ট্রেনিং স্কুলে প্রেরণ করা যায়।	প্রশাসন শাখা প্রধান।
২.৯	ভিজিলেন্স টিম কর্তৃক পরিদর্শন।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে অভ্যন্তরীণ ভিজিলেন্স টিম কর্তৃক নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখাসহ পরিদর্শন রেজিস্টার রক্ষণাবেক্ষণ করার সুপারিশ করা হয়েছে। উক্ত বিষয়ে সভায় কেয়ারটেকার জানান যে, আলোচ্য সুপারিশ অনুযায়ী পরিদর্শন অব্যাহত আছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী অভ্যন্তরীণ ভিজিলেন্স টিম কর্তৃক নিয়মিত পরিদর্শন ও পরিদর্শন রেজিস্টার রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	অভ্যন্তরীণ ভিজিলেন্স টিম।
২.১০	নিরাপত্তা কর্মকর্তার নোট বই।	সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে স্থাপনার নিরাপত্তা সংক্রান্ত দৈনন্দিন গুরুত্বপূর্ণ ঘটনাবলী নোট বইয়ে লিপিবদ্ধ করত নিরাপত্তা সংক্রান্ত মিটিংয়ে উপস্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী স্থাপনার নিরাপত্তা সংক্রান্ত দৈনন্দিন গুরুত্বপূর্ণ ঘটনাবলী নোট বইয়ে লিপিবদ্ধকরত নিরাপত্তা সংক্রান্ত মিটিংয়ে উপস্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।	সিকিউরিটি অফিসার (স্টোর)

নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
২.১১	সীমানা প্রাচীর সংলগ্ন গাছপালা এবং টেলিফোন ও বৈদ্যুতিক খুঁটি অপসারণ।	সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে সীমানা প্রাচীরের ভেতরে ও বাইরে ৫ ফুটের মধ্যে অবস্থিত টেলিফোন ও বৈদ্যুতিক খুঁটি অপসারণ, গাছপালা কেটে/ডালাপালা ছেঁটে পরিষ্কার রাখার সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, বিজি প্রেসের মাঠে অফিসের ওয়ালের পার্শ্বে কিছু গাছপালা রয়েছে। বিজি প্রেসে পত্র লিখা হয়েছে কিন্তু কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী সীমানা প্রাচীরের ভেতরে ও বাইরে ৫ ফুটের মধ্যে অবস্থিত টেলিফোন ও বৈদ্যুতিক খুঁটি দ্রুত অপসারণের ব্যবস্থা করতে হবে এবং গাছ অপসারণের জন্য উপপরিচালক, বিজি প্রেসে পুনরায় পত্র লিখা যেতে পারে।।	কেয়ারটেকার।
২.১২	প্রহরা চৌকি নির্মাণ এবং প্রহরা চৌকিতে নাইটভিশন সিসি ক্যামেরা স্থাপন।	বর্তমানে ১টি ১৪ ফুট উচ্চতার প্রহরা চৌকি ও ২টি সেন্দ্রি পোস্ট রয়েছে। কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে আরও ১টি ১৫/২০ ফুট উচ্চতার প্রহরা চৌকি নির্মাণ করতে, প্রতিটি প্রহরা চৌকিতে নিরাপত্তা প্রহরী নিয়োজিত করতে এবং স্থাপনার নিরাপত্তার স্বার্থে প্রহরা চৌকিতে নাইটভিশন সিসি ক্যামেরা স্থাপন করতে সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, প্রহরা চৌকি নির্মাণের বিষয়ে ২৭/০৯/২০২২ তারিখে গণপূর্ত বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী বর্তমান ১টি প্রহরা চৌকির অতিরিক্ত আরও ১টি ১৫/২০ ফুট উচ্চতার প্রহরা চৌকি নির্মাণ করতে হবে। প্রতিটি প্রহরা চৌকিতে নিরাপত্তা প্রহরী নিয়োজিত করতে হবে এবং স্থাপনার নিরাপত্তার স্বার্থে প্রহরা চৌকিতে নাইটভিশন সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। আরও ১টি ১৫/২০ ফুট উচ্চতার প্রহরা চৌকি নির্মাণ করতে পুনরায় পত্র লিখা যেতে পারে।	কেয়ারটেকার।
২.১৩	এসকর্ট ব্যবস্থা	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে আগত দর্শনার্থীদের এসকর্টের মাধ্যমে যথাস্থানে পৌঁছে দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, উক্ত সুপারিশ বাস্তবায়িত আছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী আগত দর্শনার্থীদের এসকর্টের মাধ্যমে যথাস্থানে পৌঁছে দেওয়ার ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।	কেয়ারটেকার।
২.১৪	স্পর্শকাতর এলাকায় পর্যাপ্ত সংখ্যক সিসি ক্যামেরা এবং আর্চওয়ে স্থাপন।	সভায় জানানো হয় যে, বর্তমানে ১টি হ্যান্ড মেটাল ডিটেক্টর, ১টি ভেহিক্যাল সার্চ মিরর, ২৮টি সিসি ক্যামেরা ও ২টি মনিটর রয়েছে। কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে স্পর্শকাতর এলাকায় পর্যাপ্ত সংখ্যক সিসি ক্যামেরা (৩ মাসের রেকর্ডিং সিস্টেম সহ) এবং আর্চওয়ে স্থাপন করার জন্য সুপারিশ করা হয়েছে। উপপরিচালক মহোদয় জানান যে, কিছু ক্যামেরা ছবি দেখা যাচ্ছে না।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী স্পর্শকাতর এলাকায় পর্যাপ্ত সংখ্যক সিসি ক্যামেরা রয়েছে। যে সব ক্যামেরায় ছবি দেখা যাচ্ছেনা সেগুলি ঠিক/নতুন সংযোজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	কেয়ারটেকার।
২.১৫	চাবি জমার বই ও বক্স।	সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে প্রশাসনিক নিরাপত্তার স্বার্থে চাবি জমা ও গ্রহণ রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করে ব্যবহার নিশ্চিত করার সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী প্রশাসনিক নিরাপত্তার স্বার্থে চাবি জমা ও গ্রহণ রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করে ব্যবহার অব্যাহত আছে।	কেয়ারটেকার।

নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
২.১৬	অগ্নিকাণ্ড প্রতিরোধ।	<p>১। অগ্নিকাণ্ডের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। এছাড়া, সকল অগ্নি নির্বাপন যন্ত্রসমূহ সচল রাখতে এবং মোট কতটি অগ্নিনির্বাপন যন্ত্র রয়েছে ও কতটি সচল রয়েছে তার তথ্যাদি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করার জন্যও তিনি নির্দেশ প্রদান করেন। কেয়ারটেকার সভায় জানান যে, ১৪৯ টি অগ্নিনির্বাপন যন্ত্র সচল রয়েছে।</p> <p>২। অগ্নি দুর্ঘটনা ঘটলে অগ্নিনির্বাপন যন্ত্রগুলো ব্যবহারের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ কর্তৃক মাঝে মাঝে অগ্নিনির্বাপন যন্ত্রগুলো পরীক্ষা করে তার কার্যকারিতা যাচাই করেন এবং মুদ্রণালয়ের অভ্যন্তরে কোন কর্মচারী যাতে কোন ক্রমেই ধূমপান না করেন এবং মশার কয়েল ও মোমবাতি/কুপী না জ্বালাতে পারেন তা নিশ্চিত করতেও সভাপতি নির্দেশ প্রদান করেন।</p>	<p>১। অগ্নিকাণ্ডের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে। সকল অগ্নি নির্বাপন যন্ত্রসমূহ সচল রাখতে হবে। অগ্নিনির্বাপন যন্ত্রের পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক বালতিতে শুকনো বালি রাখা অব্যাহত আছে।</p> <p>২। অগ্নি দুর্ঘটনা ঘটলে অগ্নিনির্বাপন যন্ত্রগুলো ব্যবহারের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ মাঝে মাঝে অগ্নিনির্বাপন যন্ত্রগুলো পরীক্ষা করে তার কার্যকারিতা যাচাই করতে হবে এবং মুদ্রণালয়ের অভ্যন্তরে কোন কর্মচারী যাতে কোন ক্রমেই ধূমপান না করেন এবং মশার কয়েল ও মোমবাতি/কুপী না জ্বালান তা নিশ্চিত করতে হবে।</p>	<p>১। কেয়ারটেকার</p> <p>২। সিকিউরিটি অফিসার (স্টোর) এবং সকল শাখা প্রধান।</p>
২.১৭	দলিল ও নথিপত্রের নিরাপত্তার বিধান।	সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে কেপিআইয়ে গুরুত্বপূর্ণ দলিল ও নথিপত্রের নিরাপত্তার বিধান কল্পে The Official secrets Act, 1923 সহ সরকারের অন্যান্য প্রচলিত আইন অনুসরণের সুপারিশ করা হয়েছে। সিকিউরিটি অফিসার সভায় জানান যে, নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী কেপিআইয়ে গুরুত্বপূর্ণ দলিল ও নথিপত্রের নিরাপত্তার বিধান কল্পে The Official secrets Act, 1923 সহ সরকারের অন্যান্য প্রচলিত আইন অনুসরণ করতে হবে।	সিকিউরিটি অফিসার (স্টোর)।
২.১৮	ইভাকুয়েশন প্ল্যান।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে আপদকালীন সময়ে স্থাপনায় কর্মরতদের করণীয় সংক্রান্ত গাইড লাইন দিয়ে ইভাকুয়েশন প্ল্যান প্রস্তুত করার সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, আংশিক বস্তবায়ন করা হয়েছে। বাকিটা প্রক্রিয়াধীন আছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী আপদকালীন সময়ে স্থাপনায় কর্মরতদের করণীয় সংক্রান্ত গাইড লাইন ইভাকুয়েশন প্ল্যান যথাযথ অনুসরণ করতে হবে।	সিকিউরিটি অফিসার (স্টোর), কেয়ারটেকার এবং সকল শাখা প্রধান।
২.১৯	দুর্যোগকালীন ব্যবস্থা।	কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে প্রাকৃতিক দুর্যোগ অর্থাৎ ভূমিকম্প, টর্নেডো, সাইক্লোন ইত্যাদি কারণে দুর্যোগকালীন পরিস্থিতিতে নিরাপত্তা ব্যবস্থা সমুলত রাখার জন্য স্থাপনার বিল্ডিং বুয়েট ইঞ্জিনিয়ার দ্বারা পরীক্ষা পূর্বক ভূমিকম্প সহনশীল মাত্রাসহ আয়ুষ্কাল নির্ধারণ পূর্বক Standard Operating Procedure (SOP) প্রস্তুত করতে সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, (SOP) প্রস্তুত করা হয়েছে।	কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী প্রাকৃতিক দুর্যোগ অর্থাৎ ভূমিকম্প, টর্নেডো, সাইক্লোন ইত্যাদি কারণে দুর্যোগকালীন পরিস্থিতিতে নিরাপত্তা ব্যবস্থা সমুলত রাখার জন্য স্থাপনার বিল্ডিং বুয়েট ইঞ্জিনিয়ার দ্বারা পরীক্ষা পূর্বক ভূমিকম্প সহনশীল মাত্রাসহ আয়ুষ্কাল নির্ধারণ পূর্বক Standard Operating Procedure (SOP) প্রস্তুত করতে হবে। (SOP) প্রস্তুত করা হয়েছে। যথাযথ অনুসরণ করতে হবে।	সিকিউরিটি অফিসার (স্টোর), কেয়ারটেকার এবং সকল শাখা প্রধান।

নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
২.২০	প্রেসের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণ প্রসঙ্গে।	প্রেসের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে নিরাপত্তা প্রহরা জোরদার করাসহ বহিরাগত কেউ যেন বিনানুমতিতে প্রেস অভ্যন্তরে প্রবেশ করতে না পারে এ ব্যাপারে পুলিশ ও গার্ডদেরকে সতর্ক রাখার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। কেয়ারটেকার সভাকে জানান যে, নিরাপত্তা ব্যবস্থা জোরদার অব্যাহত আছে।	প্রেসের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে নিরাপত্তা প্রহরা জোরদার করাসহ বহিরাগত কেউ যেন বিনানুমতিতে প্রেস অভ্যন্তরে প্রবেশ করতে না পারে সে জন্য পুলিশ ও গার্ডদেরকে সতর্ক করা অব্যাহত রাখতে হবে।	কেয়ারটেকার।
২.২১	ডাবল প্রটেক্টেড জোনে কর্মরতদের বিনানুমতিতে বাইরে গমন না করা।	নিরাপত্তা নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ এবং ডাবল প্রটেক্টেড জোনে কর্মরত কর্মচারীগণ যাতে বিনানুমতিতে বাইরে গমন করতে না পারেন তা নিশ্চিত করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। টাইমকিপার এবং কেয়ারটেকার সভায় জানান যে, উক্ত নির্দেশনা প্রতিপালন অব্যাহত আছে।	নিরাপত্তা নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ এবং ডাবল প্রটেক্টেড জোনে কর্মরত কর্মচারীগণ যাতে বিনানুমতিতে বাইরে গমন করতে না পারেন তা নিশ্চিত অব্যাহত রাখতে হবে।	টাইমকিপার, কেয়ারটেকার এবং সংশ্লিষ্ট সকল শাখা প্রধান।
২.২২	বৈদ্যুতিক তার ও বোর্ড সংলগ্ন স্থানে মালামাল না রাখা।	বৈদ্যুতিক তার ও বোর্ড সংলগ্ন স্থানে কোন প্রকার মালামাল না রাখার বিষয়ে পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণ করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।	বৈদ্যুতিক তার ও বোর্ড সংলগ্ন স্থানে কোন প্রকার মালামাল রাখা যাবে না।	সকল শাখা প্রধান এবং মেকানিক।
২.২৩	প্রেস অভ্যন্তরে ধূমপান না করা।	প্রেস অভ্যন্তরে ধূমপান করা নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ। প্রেস অভ্যন্তরকে ধূমপান মুক্ত রাখার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। কোন কর্মচারী প্রেস অভ্যন্তরে ধূমপান করলে সংশ্লিষ্ট শাখা প্রধান ও কেয়ারটেকারকে লিখিতভাবে তা কর্তৃপক্ষকে অবহিত করতে এবং ধূমপায়ী কর্মচারীর বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।	প্রেস অভ্যন্তরকে ধূমপান মুক্ত রাখতে হবে। কোন কর্মচারী প্রেস অভ্যন্তরে ধূমপান করলে সংশ্লিষ্ট শাখা প্রধান ও কেয়ারটেকার লিখিতভাবে তা কর্তৃপক্ষকে অবহিত করবে এবং ধূমপায়ী কর্মচারীর বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল শাখা প্রধান, কেয়ারটেকার এবং সিকিউরিটি অফিসার (স্টোর)।
২.২৪	ছুটির দিনে প্রেসের নিবিড় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা।	সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে প্রেসের নিবিড় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে পুলিশ ও গার্ডদেরকে তৎপর রাখতে সভাপতি নির্দেশ প্রদান করেন।	সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে প্রেসের নিবিড় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে পুলিশ ও গার্ডদেরকে তৎপর রাখতে হবে।	কেয়ারটেকার।
২.২৫	বিদ্যুৎ বিভাট/লোডশেডিং-এর সময় বিকল্প পদ্ধতিতে বিদ্যুৎ সংযোগ দেওয়া।	বিদ্যুৎ বিভাট বা লোডশেডিং-এর সময় আইপিএস-এর মাধ্যমে প্রেস অভ্যন্তরে ও বাইরে লাইটিং-এর ব্যবস্থা করা এবং জেনারেটর স্থাপনের বিষয়ে গণপূর্ত ই/এম বিভাগে পত্র লিখে ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।	বিদ্যুৎ বিভাট বা লোডশেডিং-এর সময় আইপিএস-এর মাধ্যমে প্রেস অভ্যন্তরে ও বাইরে লাইটিং-এর ব্যবস্থা করা হয়েছে। তবে জেনারেটর স্থাপনের বিষয়ে গণপূর্ত ই/এম বিভাগে পত্র লিখে শতভাগ সুপারিশ বাস্তবায়ন করতে হবে।	কেয়ারটেকার
২.২৬	জরুরি পরিস্থিতিতে দ্রুত ও নিরাপদ বহির্গমনের জন্য ইমার্জেন্সি ফটক প্রস্তুত রাখা।	ভূমিকম্প, অগ্নিদুর্ঘটনা বা যে কোন জরুরি পরিস্থিতিতে দ্রুত ও নিরাপদ বহির্গমনের জন্য প্রেসের ২য় ফটক যাতে দ্রুত খুলে দেওয়া যায়, সে জন্য তালা মাঝেমাঝে খুলে পরীক্ষা করতে হবে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	ভূমিকম্প, অগ্নিদুর্ঘটনা বা যে কোন জরুরি পরিস্থিতিতে দ্রুত ও নিরাপদ বহির্গমনের জন্য প্রেসের ২য় ফটক যাতে দ্রুত খুলে দেওয়া যায়, সে জন্য তালা মাঝেমাঝে খুলে পরীক্ষা করতে হবে।	কেয়ারটেকার

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বঃ


(মোঃ সাখাওয়াত হোসেন)
(উপসচিব)
উপপরিচালক
ফোনঃ ৫৫০৩০০২৪
ই-মেইল-
dd.bsp@dpp.gov.bd

নথি নং-০৫.৮৪.০০০০.০০৫.০৬.০৩৩.২৩/৮০০/১৯

তারিখ : ০৫/২/২৪খ্রিঃ
২৩/১০/৩০বঃ

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। বিশেষ পুলিশ সুপার (কেপিআই) ও চেয়ারম্যান, কেপিআই সার্ভে টিম, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ০৪। মূখ্য নিরাপত্তা কর্মকর্তা, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রধান কার্যালয়), তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৫। সিকিউরিটি অফিসার (স্টোর), বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। শাখা প্রধান, প্রশাসন শাখা/হিসাব শাখা/স্টোর শাখা/টাইমকিপিং শাখা/কেয়ারটেকিং শাখা/পরিকল্পনা ও মূল্যায়ন শাখা/প্রসেস শাখা/মেশিন শাখা/বাইন্ডিং শাখা/মেকানিক্যাল শাখা, তেজগাঁও, ঢাকা।
- ০৭। এ.এস.আই (নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত), বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৮। উপপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (উপপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। গার্ড ফাইল।


(মোঃ সাখাওয়াত হোসেন)
(উপসচিব)
উপপরিচালক।